গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(রাজস্ব শাখা)
www.sirajganj.gov.bd

স্মারক নম্বর:৩১.৪৩.৮৮০০.০১৮.৩২.০০৩.২২. ১৫৫

তারিখ: ২৫ মাঘ ১৪৩০
০৮ ফেব্রুয়ারি ২০২৪

বালুমহাল ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ (সংশোধিত-২০২৩) এর আলোকে সিরাজগঞ্জ জেলার বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের নিমিত্ত তালিকাভুক্ত লাইসেন্স গ্রহণকারী/নবায়নকারীদের নিকট হতে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ক্যালেন্ডার মোতাবেক নিম্নোক্ত বালুমহালসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ/ লীজ প্রদানের তারিখ হতে ৩০ শে চৈত্র ১৪৩১ পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের জন্য শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

বালুমহালের নাম ও দরপত্র দাখিলের তারিখ

ক্রমিক নং	বালুমহালের নাম	মৌজার নাম ও আয়তন	বালু উত্তোলন যোগ্য জমির পরিমাণ (একরে)	দরপত্র দাখিলের তারিখ (সম্ভাব্য)			সরকারি মূল্য	সিডিউলের মূল্য
				১ম ২৭-০২-২০২৪	২য় ১৩-০৩-২০২৪	৩য় ২৮-০৩-২০২৪		
০১.	কৈগাড়ী দোরতা বালুমহাল সিরাজগঞ্জ সদর	কৈগাড়ী দোরতা ৩১৯.২৬ একর	১১০.০০ একর	ঐ	ঐ	ঐ	৮,৩৮,৫৩,০০০/-	১০,০০০/-
০২.	জিয়ারপাড়া বালুমহাল সিরাজগঞ্জ সদর	জিয়ারপাড়া ১১.৪৪ একর	১১.৪৪ একর	ঐ	ঐ	ঐ	৮৭,২০,৭১২/-	২,০০০/-
০৩.	চন্ডাল বয়ড়া বালুমহাল সিরাজগঞ্জ সদর	চন্ডালবয়ড়া ৪৭.৮০ একর	৪৭.৮০ একর	ঐ	ঐ	ঐ	৩,৪১,৫১,০৪০/-	৫,০০০/-
০৪.	শিমলা মৌজার বালুমহাল সিরাজগঞ্জ সদর	শিমলা ৫৮.৪৩ একর	৫০.৬০ একর	ঐ	ঐ	ঐ	৩,৮৫,৭২,৩৮০/-	৫,০০০/-
০৫.	কাজিপুর মৌজার বালুমহাল	কাজিপুর ১৯৪.১৭ একর	৪২.৮০ একর	ঐ	ঐ	ঐ	৩,২৬,২৬,৪৪০/-	৫,০০০/-

ক্যালেন্ডার বর্ণিত কোন বালুমহাল ১ম তারিখে অনুমোদিত হলে পরবর্তী তারিখে ঐ বালুমহাল ইজারা তালিকা হতে বাদ বলে গণ্য হবে।

শর্তাবলী ঃ

১। হাল নাগাদ লাইসেন্সধারী/নবায়ন ব্যতীত কেহ বালুমহাল দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না। ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালে বিভাগীয় কমিশনারের কার্যালয় রাজশাহী, জেলা প্রশাসকের কার্যালয় সিরাজগঞ্জ এর এসএ শাখা এবং বালুমহাল সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে দরপত্র সংগ্রহ করা যাবে।

২। ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত তারিখে দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে দরপত্রসমূহ বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী, জেলা প্রশাসকের কার্যালয় সিরাজগঞ্জ এবং বালুমহাল সংশ্লিষ্ট উপজেলা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং বেলা ৩:৩০ ঘটিকায় দর দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৩। ইজারা দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত দরপত্র ফরম বিভাগীয় কমিশনারের কার্যালয় রাজশাহী, জেলা প্রশাসকের কার্যালয় সিরাজগঞ্জ ও বালুমহাল সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বালুমহালের পার্শ্বে বর্ণিত মূল্যে দরপত্র ক্রয় করতে পারবেন। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

CamScanner

৪। প্রত্যেক দরপত্রে উল্লিখিত দরের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত ব্যাংকে হতে বিডি/পিও/ডিডি এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। টেন্ডার দাতার নিজ নাম ব্যতিত অন্যের নামের বিডি/পিও/ডিডি জামানত হিসেবে গৃহিত হবে না। ইজারার টাকা জমা দেয়ার পর অনুমোদিত ইজারাদারকে তার দেয়া জামানত ফেরত দেয়া হবে।

৫। ইচ্ছুক দরপত্র গ্রহীতাকে প্রত্যেক বালুমহালের জন্য পৃথক ফরমে ও পৃথক খামে সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। প্রত্যেক দরপত্র ফরমে দরপত্র দাতার নাম ও ঠিকানা সুস্পষ্টভাবে লিখতে এবং স্বহস্তে স্বাক্ষর করতে হবে। প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখতে হবে। কাটাকাটি/ঘষামাজা/অস্পষ্ট লেখাযুক্ত/ফ্লুইডযুক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। এক মহালের দরপত্র ক্রয় করে অন্য মহালের নামে দাখিল করা যাবে না। যে নামে দরপত্র ক্রয় করা হবে সেই নাম ব্যতীত অন্য কোন নামে দরপত্র দাখিল করা যাবে না।

৬। দরপত্রের সঙ্গে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় কর্তৃক হালনাগাদ তালিকাভুক্তির লাইসেন্স এর ফটোকপি, ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বরসহ হাল সন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র, তফসিলি ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের কপি দাখিল করতে হবে।

৭। প্রতিটি দরপত্রের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযোজন করতে হবে।

৮। প্রাপ্ত দরপত্রসমূহ বালুমহাল ইজারা প্রদান সম্পর্কিত জেলা কমিটির সভায় যাচাই-বাছাই ও প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক বালুমহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা অনুমোদনের নিমিত্ত জেলা কমিটির নিকট সুপারিশ করা হবে।

৯। ১ম শ্রেণির তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান যে কোন বালুমহালের ইজারা দরপত্রে অংশগ্রহণের যোগ্য হবেন।

১০। দরপত্র অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, দরের ১০% টাকা আয়কর ও ১৫% টাকা ভ্যাট জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে।

১১। দরপত্রের মাধ্যমে ইজারাকৃত বালুমহালটি কোন ক্রমেই সাবলীজ দেয়া যাবে না। সাবলীজ দিলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারা গ্রহিতা ইজারা সংক্রান্ত বিষয়ে অথবা ইজারার টাকা জমা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সাথে কোন প্রকার প্রতারণা করলে অথবা কোনরূপ শর্তভঙ্গ করলে তার টেন্ডার বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১৩। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন সময়ে ইজারা বিষয়ে যে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

১৪। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন বা সকল টেন্ডার বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। ইজারা গ্রহণকৃত এলাকা ব্যতিত অন্য কোন এলাকা হতে ইজারাদার বালু উত্তোলন করতে পারবেন না।

১৬। স্কেচম্যাপের আলোকে বালুমহালের সীমানা নির্ধারণ করে দেয়া হবে। নির্ধারিত সীমার বাইরে থেকে কোনভাবেই বালু উত্তোলন করা যাবে না।

১৭। কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে উত্তোলিত বালু স্তুপ করে রাখার জমির তফশীল দাখিল করতে হবে এবং জমি ভাড়া নেয়া হলে চুক্তিনামা দাখিল করতে হবে। জমির তফশীল দাখিল ব্যতিত বালুমহালের চুক্তিনামা সম্পাদন করা হবে না এবং বালু উত্তোলন করা যাবে না।

১৮। পদ্ধতিগত কারণে বালুমহালের দখল বুঝিয়ে দিতে বিলম্ব হলে অতিরিক্ত সময় দাবি করা যাবে না।

০৮/০২/২০২৪

(মীর মোহাম্মদ মাহবুবুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
ফোন: ০২৫৮৮৮৩০৩৩৫
ই-মেইল- dcsirajganj@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর:৩১.৪৩.৮৮০০.০১৮.৩২.০০৩.২১. ১৫৫/১(৫০) তারিখ: ২৫ মাঘ ১৪৩০ / ০৮ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি---------------------------, সিরাজগঞ্জ।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজ উদ্দিন আহম্মেদ স্মরণী, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী ।

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

৫। উপজেলা নির্বাহী অফিসার--------------------------- (সকল), সিরাজগঞ্জ।
৬। মেয়র----------------------------পৌরসভা, সিরাজগঞ্জ।
৭। সহকারী কমিশনার (ভূমি)----------------------------(সকল), সিরাজগঞ্জ। ইজারা দরপত্র বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। সহকারী কমিশনার, শিক্ষা ও আইসিটি শাখা। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে আপলোড করতে অনুরোধ করা হলো।
৯। চেয়ারম্যান-----------------------------ইউনিয়ন পরিষদ-----------------------নোটিশ বোর্ডে টাংগাইয়া ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-------------------------------------এর নিকট উপরোক্ত দরপত্র বিজ্ঞপ্তি জারীর জন্য প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তি জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট অফিস ও ব্যক্তির নিকট যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন অত্রাফিসে ফেরত পাঠানোর অনুরোধ করা হলো।
১১। সম্পাদক-------------------------------------পত্রিকা, উপরোক্ত বিজ্ঞপ্তিটি জরুরিভিত্তিতে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় সংযুক্ত নমুনা মোতাবেক এক দিন প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকাশিত পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব - ---(গত বছরের ইজারাদার)।

০৮/০২/২৪

(ইসরাত জাহান)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
সিরাজগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
ফোন: ০২৫৮৮৮৩০২৬২

CamScanner